



মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/৭০৩৯

তারিখঃ ০১ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
১৬ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

রাজনগর রহমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ হাতীবান্ধা, উপজেলাঃ নালিতাবাড়ী, জেলাঃ শেরপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২১.০৫.২০১৮ খ্রিঃ তারিখের আবেদনের প্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। সহকারী শিক্ষক ও ৪র্থ শ্রেণির কর্মচারীর শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। একাডেমিক কমিটি গঠন করে ক্লাস পর্যবেক্ষণ রিপোর্ট সংরক্ষণ এবং শ্রেণিকক্ষে মানসম্মত পাঠদানের জন্য শিক্ষকবৃন্দকে নিয়ে কর্মশালার আয়োজন করতে হবে।
- ৩। টিনশেড ভবনে প্রয়োজনীয় সংস্কার পূর্বক ক্লাস পরিচালনার উপযোগী পরিবেশ তৈরী করে শ্রেণিকক্ষের সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৪। অনুপস্থিত শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে উপস্থিত করানোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৫। লাইব্রেরীর জন্য কক্ষ নির্ধারণ করে প্রয়োজনীয় আসবাবপত্র ও বই ক্রয় করতে হবে।
- ৬। অখন্ড জমির পরিমাণ বৃদ্ধি করতে হবে।
- ৭। প্রতিষ্ঠানের সকল আয় ক্যাশ কলাম বইয়ের আয়ের খাতে রশিদ নম্বর উল্লেখসহ লিপিবদ্ধ রাখতে হবে। ব্যয় খাতে ডেবিট ভাউচার তৈরী করে ক্রমিক নং উল্লেখ করে ক্যাশ কলাম বইতে খাত অনুযায়ী লিপিবদ্ধ রাখতে হবে এবং গভর্নিং বডির সভার মাধ্যমে আয়-ব্যয়ের অনুমোদন নিতে হবে।
- ৮। শিক্ষার্থীদের নিকট থেকে আদায়কৃত অর্থের রশিদ প্রদান করতে হবে।
- ৯। গভর্নিং বডির সভার মাধ্যমে অর্থ কমিটি ও অভ্যন্তরীণ অডিট কমিটি গঠন করতে হবে।
- ১০। শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ১১। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে


16. 07. 2019

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

রাজনগর রহমানিয়া ফাজিল মাদরাসা

ডাকঘরঃ হাতীবান্ধা, উপজেলাঃ নালিতাবাড়ী, জেলাঃ শেরপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, রাজনগর রহমানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ হাতীবান্ধা, উপজেলাঃ নালিতাবাড়ী, জেলাঃ শেরপুর।
- ৮। অফিস নথি।

অধি/নবায়ন/ফাইল নং- ময়মনসিংহ-২৬